

একই তারিখ ও স্মারকের প্রতিস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

পুলিশ অধিশাখা-৩

www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১১.১৫-৫৮২

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৩ বঃ
৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃপ্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : পুলিশ অধিদপ্তরের আওতাধীন আর্মড পুলিশ ব্যাটালিয়নের সাংগঠনিক কাঠামোতে ১২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন গঠন এবং কার্যক্রম পরিচালনার জন্য ৬১৫ টি পদ সৃজন এবং ২৪টি যানবাহন টিওএন্ডইভুজকরণ।

মহোদয়,

নির্দেশিত হয়ে পুলিশ অধিদপ্তরের আওতাধীন আর্মড পুলিশ ব্যাটালিয়নের সাংগঠনিক কাঠামোতে ১২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন গঠন এবং কার্যক্রম পরিচালনার জন্য নিম্নের ছকে বর্ণিত ৬১৫টি পদের মধ্যে ৮টি ক্যাডার পদ স্থায়ীভাবে এবং অন্যান্য ৬০৭টি পদ অস্থায়ীভাবে সৃজনে এবং ২৪টি যানবাহন টিওএন্ডইভুজকরণে নিম্নোক্ত শর্তে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি :

ক) পদের বিবরণী

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল/২০১৫
১.	পুলিশ সুপার	১টি	৪৩০০০-৬৯৮৫০/-
২.	অতিরিক্ত পুলিশ সুপার	১টি	৩৫৫০০-৬৭০১০/-
৩.	সহকারী পুলিশ সুপার	৬টি	২২০০০-৫৩০৬০/-
৪.	ইন্সপেক্টর (নিরস্ত্র)	৮টি	২২০০০-৫৩০৬০/-
৫.	ইন্সপেক্টর (সশস্ত্র)	১২টি	২২০০০-৫৩০৬০/-
৬.	ইন্সপেক্টর (শহর ও যানবাহন)	১৩টি	২২০০০-৫৩০৬০/-
৭.	সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র)	৫৭টি	১৬০০০-৩৮৬৪০/-
৮.	সাব-ইন্সপেক্টর (সশস্ত্র)	৪৫টি	১৬০০০-৩৮৬৪০/-
৯.	সার্জেন্ট	০৯টি	১৬০০০-৩৮৬৪০/-
১০.	সহকারী সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র)	৫৮টি	১০২০০-২৪৬৮০/-
১১.	সহকারী সাব-ইন্সপেক্টর (সশস্ত্র)	৪৮টি	১০২০০-২৪৬৮০/-
১২.	নায়ক	৫০টি	৯৭০০-২৩৪৯০/-
১৩.	কনস্টেবল	২৭৩টি	৯০০০-২১৮০০/-
১৪.	মেডিকেল অফিসার	১টি	২২০০০-৫৩০৬০
১৫.	ক্যাশিয়ার	১টি	৯৩০০-২২৪৯০/-
১৬.	হিসাব রক্ষক	১টি	১০২০০-২৪৬৮০/-
১৭.	বারুচি	২২টি (আউটসোর্সিং)	১৫৫৫০/- (সাকুল্যে) (গুডমাএ ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য)
১৮.	মেসওয়েটার	২টি (আউটসোর্সিং)	১৪৯৫০/- (সাকুল্যে) (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাতার পৌর এলাকার জন্য)
১৯.	পরিচ্ছন্নতা কর্মী	৭টি (আউটসোর্সিং)	১৪৪৫০/- (সাকুল্যে) (অন্যান্য এলাকার জন্য)
	মোট	৬১৫টি	

খ) যানবাহনের বিবরণ :

ক্রঃ নং	যানবাহনের নাম	সংখ্যা
১.	জীপ	০২টি
২.	পিকআপ	০৪টি
৩.	ওয়াটার ক্যানন	০১টি
৪.	মোটর সাইকেল	১৫টি
৫.	বাস	০১টি
৬.	ট্রাক	০১টি
	মোট	২৪টি

চলমান পাতা-০২

শর্তাবলী

১. সাংগঠনিক কাঠামোতে প্রস্তাবিত পদগুলো অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেটেড করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর কপি অর্থ বিভাগের জন্য প্রেরণ করতে হবে।
 ২. মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সরকারী আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
 ৩. BCS (Police) Composition and Cadre Rules, 1980 এর সংশ্লিষ্ট তফসিলে নতুন ক্যাডার পদগুলো অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 ৪. বিবেচ্য ৬১৫টি পদ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১১/১/২০১৫ তারিখ নীতিগতভাবে অনুমোদিত ৫০,০০০টি পদের মধ্যে সমন্বয় করতে হবে।
 ৫. এ বিষয়ে বিধিগত সকল আনুষ্ঠানিকতা পালন করতে হবে।
 ৬. বারুচী, মেসওয়েটার ও পরিচ্ছন্নতাকর্মী পদ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ করতে হবে।
 ৭. অর্থ বিভাগের ৭/৭/২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৯.৪৪.০৩.০৩১.২০১১-২৬১ নম্বর স্মারকের শর্তাদি প্রতিপালন করতে হবে।
 ৮. টিওএন্ডই বহির্ভূত বিদ্যমান যানবাহন সর্বাঙ্গীে টিওএন্ডইভুক্ত করতে হবে এবং নবসৃষ্ট পদে জনবল নিয়োগের পূর্বে নতুনভাবে টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয় করা যাবে না।
 ৯. বাংলাদেশ পুলিশের মোট পদের সংখ্যা (কনস্টবল থেকে আইজিপি পর্যন্ত সিভিল পদসহ) ২,০৩,৯৪৯ জন এবং আলোচ্য ৬১৫টি পদ সৃজন করা হলে মোট সংখ্যা হবে ২,০৪,৫৬৪ জন।
- (গ) এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮/১২/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১৫.০৫৪.১৫-৪১৮, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ০৮/০৮/২০১৬ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০২৩.০৯-৪৭৭ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৮/০৮/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৭.১২-১৯০ নং পত্রে সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

আপনার বিশ্বস্ত,

M:-

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)

উপসচিব

ফোন : ৯৫৭৪৫১৯

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১১.১৫-৫৮২

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৩ বাঃ
৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

অবগতি ও উল্লিখিত সরকারী আদেশ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে পৃষ্ঠাংকনসহ জ্ঞাত করার জন্য অর্থ বিভাগের উপ-সচিব, ব্যঃ নিঃ-৫ অধিশাখা এর নিকট প্রেরণ করা হলো।

M:-

(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)

উপসচিব

নং-০৭.১৫৫.০১৫.৪৪.০৩.০২৩.০৯-

তারিখ : _____

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

উপ-সচিব (ব্যঃ নিঃ-৫ অধিশাখা)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়


চলমান পাতা-০৩

নং-৪৪.০০.০০০০.০৯৬.০৫.০১১.১৫-৫৮২

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৩ বঃ
৯ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ৬ ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)



(মোঃ আবদুল ওয়াহাব ভূঞা)
উপসচিব